



উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা
বিজ্ঞপ্তি (সংশোধিত)

স্মারক নং: উবি-০৬/২০০৭-১৬৭৩৭

তারিখ: ২১ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ
০৬ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ

বিষয়: ২০২২ শিক্ষাবর্ষে নবম শ্রেণির বিভাগ নির্ধারণী পরীক্ষার তারিখ পরিবর্তন প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং: উবি-০৬/২০০৭-১৬৭৩৩, তারিখ: ১৮ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ
০৩ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ

অষ্টম শ্রেণির সকল শিক্ষার্থী (২০২১), সম্মানিত শিক্ষক, অভিভাবক, কর্মকর্তা ও কর্মচারীকে জানানো যাচ্ছে যে, ২০২২ শিক্ষাবর্ষে নবম শ্রেণিতে বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা বিভাগ নির্ধারণের জন্য পূর্বনির্ধারিত পরীক্ষার দিন (অর্থাৎ, ০৭/১২/২০২১ তারিখে) ৮ম শ্রেণির শিক্ষার্থীদের করোনা টিকা কার্যক্রম থাকায় উক্ত পরীক্ষাটি এক দিন পূর্বে অর্থাৎ ০৬/১২/২০২১ তারিখ সোমবার সকাল ১০:০০ থেকে ১১:০০ টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। বিজ্ঞান বিষয়ের পরীক্ষা বিদ্যালয় থেকে প্রদত্ত পূর্বনির্ধারিত সিলেবাস অনুসারে অনুষ্ঠিত হবে। শিক্ষার্থীদের বিজ্ঞান বিষয়ের প্রাপ্ত নম্বর এবং বার্ষিক পরীক্ষার গণিত বিষয়ের প্রাপ্ত নম্বরের ভিত্তিতে বিভাগ নির্ধারণ করা হবে।

যে সকল শিক্ষার্থী বিজ্ঞান বিভাগে ভর্তি হতে ইচ্ছুক, তাদেরকে যথাযথ প্রস্তুতি গ্রহণের জন্য বলা হলো।

স্বাক্ষরিত/
জহুরা বেগম
অধ্যক্ষ

স্মারক নং: উবি-০৬/২০০৭-১৬৭৩৭

তারিখ: ২১ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ
০৬ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:-

- ১। অষ্টম শ্রেণির শ্রেণিশিক্ষকবৃন্দ
- ২। অফিস কপি (প্রশাসন)
- ৩। সমন্বয়কারী
- ৪। নোটিস বোর্ড
- ৫। ওয়েবসাইট (www.udayan.edu.bd)